

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং-৪৬.০০.০০০০.০৪২.২০.০০১.১৭-৬৭৭

তারিখ: ২৬ চৈত্র ১৪২৭  
০৬ এপ্রিল ২০২১

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
স্থানীয় সরকার বিভাগ  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
হিসাব ভবন (৫ তলা, গেইট নং-৪), সেগুন বাগিচা, ঢাকা।

**বিষয়: ২০২০-২০২১ অর্থবছরে জেলা পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের বিভাজন অনুযায়ী 'চলমান অডিটরিয়াম/ডাকবাংলো/যাত্রী ছাউনী নির্মাণ সমাপ্তকরণের জন্য বরাদ্দ' উপখাতের অর্থ ছাড়।**

আদিষ্ট হয়ে ২০২০-২০২১ অর্থবছরের বাজেটে জেলা পরিষদ উন্নয়ন সহায়তা থোক বরাদ্দের বিভাজন অনুযায়ী 'চলমান অডিটরিয়াম/ডাকবাংলো/যাত্রী ছাউনী নির্মাণ সমাপ্তকরণের জন্য বরাদ্দ' উপখাতের ৭৫.০০ (পঁচাত্তর) কোটি টাকার ১ম-৩য় কিস্তি বাবদ ৩৩৭৫.০০ লক্ষ (তেত্রিশ কোটি পঁচাত্তর লক্ষ) টাকা ছাড়ের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি (বিস্তারিত বরাদ্দ নিম্নে প্রদর্শিত):

ক্র:নং	জেলা পরিষদের নাম	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)	ক্র:নং	জেলা পরিষদের নাম	বরাদ্দের পরিমাণ (লক্ষ টাকায়)
১	ফরিদপুর	৭৫.০০	১০	মাগুরা	২২৫.০০
২	কিশোরগঞ্জ	৩.০০	১১	কুষ্টিয়া	৩৩৫.৮১
৩	মাদারীপুর	২২৫.০০	১২	ঠাকুরগাঁও	৭১.৬২৫
৪	ময়মনসিংহ	৩০০.০০	১৩	কুড়িগ্রাম	২২৫.০০
৫	জামালপুর	৫৬১.০০	১৪	বাগেরহাট	১৬৩.৮৭৫
৬	চট্টগ্রাম	৩৭৫.০০	১৫	পিরোজপুর	৭৫.০০
৭	কক্সবাজার	২০৭.৩৭৫	১৬	ভোলা	৩০৩.৯৪
৮	নওগাঁ	১৫০.৩৭৫	১৭	বরগুনা	৩.০০
৯	পাবনা	৭৫.০০			৩৩৭৫.০০


২। উক্ত অর্থ চলতি ২০২০-২০২১ অর্থবছরের মঞ্জুরি নং-৩৪ হিসাবের খাত-১৩৭০১০১/২২১০০০৬০০/৪১১১৩১৭ জেলা পরিষদ উন্নয়ন সহায়তা থোক উপখাত এর বরাদ্দ হতে নির্বাহ করা হবে।

৩। জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা/সচিবগণ (যেখানে প্রধান নির্বাহী কর্মকর্তা নেই) বরাদ্দকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন এবং বিধি মোতাবেক বরাদ্দকৃত অর্থ ব্যয়, হিসাব ও রেকর্ডপত্র অডিটের জন্য সংরক্ষণ করবেন।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

পূর্ব পাতা হতে

- ৪। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে। অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোনো অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।
- ৫। এ অর্থ ছাড়ের বিষয়ে অর্থ বিভাগের গত ২৫/১১/২০২০ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-৪২৯ এবং গত ২৪/০৩/২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০১.০০৬.২০১১-১৩৬ নং স্মারকে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।


  
( মোহাম্মদ তানভীর আজম হিদ্দিকী )  
উপসচিব  
ফোন: ৯৫৭৫৫৬৮  
Email:lgzp@lgd.gov.bd

নং-৪৬.০০.০০০০.০৪২.২০.০০১.১৭-৬৭৭

তারিখ: ২৬ চৈত্র ১৪২৭  
০৬ এপ্রিল ২০২১

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ: আ: উপসচিব, বাজেট শাখা-১১)।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা/পরিকল্পনা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। পরিচালক, স্থানীয় সরকার (সকল),.....বিভাগ।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, .....।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। ডিভিশনাল কম্পিউটার অব একাউন্টস, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
- ৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, .....।
- ১০। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

  
( মোহাম্মদ তানভীর আজম হিদ্দিকী )  
উপসচিব  
ফোন: ৯৫৭৫৫৬৮